বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

প্রশাসন-১ শাখা
স্থানীয় সরকার বিভাগ

বিষয়ঃ বর্তমান সরকারের ৩য় মেয়াদের ৩য় বর্ষ পূর্তিতে স্থানীয় সরকার বিভাগের অর্জন বিষয়ে পুস্তিকা প্রকাশের জন্য তথ্যাদি প্রেরণ।

সূত্রঃ ০৯/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

বর্তমান সরকারের ৩য় মেয়াদের ৩য় বর্ষ পূর্তিতে স্থানীয় সরকার বিভাগের অর্জন বিষয়ে পুস্তিকা প্রকাশের জন্য গঠিত কমিটির গত ০৯/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের বিভিন্ন শাখা/অধিশাখা/অনুবিভাগ এবং জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহের নিম্নবর্ণিত বিষয়াবলীর তথ্যাদি আগামী ২০/০২/২০২২ তারিখের মধ্যে প্রশাসন-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

- দপ্তর/সংস্থার সংক্ষিপ্ত পরিচিতি;
- দপ্তর/সংস্থার মিশন-ভিশন (যদি থাকে);
- বিগত ০৩ বছরের (২০১৯-২০২১) অঞ্চভিত্তিক অর্জনের সচিত্র প্রতিবেদন ও গ্রাফিক্যাল প্রেজেন্টেশন (যদি সম্ভব);
- বিগত ৩ বছরের (২০১৯-২১) বিশেষ অর্জন, যথা-স্বীকৃত ও পুরস্কার;
- তথ্য ও প্রযুক্তি, ডিজিটাল বাংলাদেশ এবং এসডিজি বাস্তবায়নে সংস্থার সংশ্লিষ্টতা ও বিগত ৩ বছরে অর্জন (২০১৯-২০২১);
- উপসংহার;

১৩/০২/২০২২

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৪৬৬৭৭
E-mail: lgadmin1@lgd.gov.bd

১। উপসচিব (সিটি কর্পোরেশন-১/সিটি কর্পোরেশন-২/ পৌর-১/ পৌর-২/ জেলা পরিষদ/উপজেলা-২/ইউনিয়ন পরিষদ-১/ ইউনিয়ন পরিষদ-২), স্থানীয় সরকার বিভাগ।

২। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০২. ২০১৯-১৭৭

তারিখঃ ৩০ মাঘ ১৪২৮ / ১৩ ফেব্রুয়ারি ২০২২

ডাইরী নং- ২০৩
তারিখ: ১৪/২/২০২২
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয় : বর্তমান সরকারের ৩য় মেয়াদের ৩য় বর্ষ পূর্তিতে স্থানীয় সরকার বিভাগের অর্জন বিষয়ে পুস্তিকা প্রকাশের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মলয় চৌধুরী
অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

তারিখ : ০৯/০২/২০২২ খ্রি.

সময় : বিকাল ০৪.০০ ঘটিকা

স্থান : ভার্চুয়াল মাধ্যম (জুম অ্যাপ)

উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন বর্তমান সরকারের ৩য় মেয়াদের ৩য় বর্ষ পূর্তি উপলক্ষ্যে জনাব হেলালুদ্দীন আহমদ, সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ এর সভাপতিত্বে গত ১০/০১/২০২২ তারিখে স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মাননীয় মন্ত্রী মহোদয় ৩য় বর্ষ পূর্তিতে স্থানীয় সরকার বিভাগের অর্জন বিষয়ে একটি পুস্তিকা প্রকাশের নির্দেশনা প্রদান করেছেন। সে পরিপ্রেক্ষিতে ৩য় বর্ষ পূর্তিতে স্থানীয় সরকার বিভাগের অর্জন বিষয়ে পুস্তিকা প্রকাশের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হয়:

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ | : | আহবায়ক |
| ২। | যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ৩। | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ৪। | যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ৫। | যুগ্মসচিব (পলিসি সার্পোট অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ৬। | যুগ্মসচিব (পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ৭। | উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ৮। | এলজিইডি/ডিপিএইচই/ঢাকা ওয়াসার প্রতিনিধি | : | সদস্য |
| ৯। | সিনিয়র সহকারী সচিব (পাস-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ১০। | উপসচিব (প্রশাসন- ১ শাখা), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য-সচিব |

২। সভাপতি কমিটির সভায় সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য এ বিভাগের উপসচিব (প্রশাসন-১) ও কমিটির সদস্য-সচিব জনাব এ কে এম মিজানুর রহমানকে অনুরোধ করেন। উপসচিব (প্রশাসন-১) সভাকে অবহিত করেন মাননীয় মন্ত্রীর নির্দেশনার পরিপ্রেক্ষিতে বর্তমান সরকারের ৩য় মেয়াদের ৩য় বর্ষ পূর্তি (২০১৯-

২০২১) উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের অর্জন/সাফল্য বিষয়ে একটি পুস্তিকা প্রকাশের জন্য গঠিত কমিটির এটি প্রথম সভা। এ বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

**সিদ্ধান্তঃ**

১) কমিটিতে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (অডিট অধিশাখা) জনাব মোঃ নাজমুল হুদা সিদ্দিকী এবং উপসচিব (উন্নয়ন-১ শাখা) জনাব রিয়াসাত আল ওয়াসিফ-কে কোঅপ্ট করা হয়;

২) আগামী ৩১ মার্চ ২০২২ এর মধ্য পুস্তিকা প্রকাশ করতে হবে;

৩) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের (এলজিইডি/ডিপিএইচই/এনআইএলজি/রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়/ওয়াসাসমূহ/সিটি কর্পোরেশনসমূহ) নিম্নবর্ণিত বিষয়াবলীর (দপ্তর/সংস্থা ভিত্তিক) তথ্যাদি আগামী ২০/০২/২০২২ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য পত্র দিতে হবে;

- দপ্তর/সংস্থার সংক্ষিপ্ত পরিচিতি;
- দপ্তর/সংস্থার মিশন-ভিশন (যদি থাকে);
- বিগত ০৩ বছরের (২০১৯-২০২১) অঞ্চভিত্তিক অর্জনের সচিত্র প্রতিবেদন ও গ্রাফিক্যাল প্রেজেন্টেশন (যদি সম্ভব);
- বিগত ৩ বছরের (২০১৯-২১) বিশেষ অর্জন, যথা-স্বীকৃত ও পুরস্কার;
- তথ্য ও প্রযুক্তি, ডিজিটাল বাংলাদেশ এবং এসডিজি বাস্তবায়নে সংস্থার সংশ্লিষ্টতা ও বিগত ৩ বছরে অর্জন (২০১৯-২০২১);
- উপসংহার;

৪) স্থানীয় সরকার বিভাগের বিভিন্ন শাখা/অধিশাখা/অনুবিভাগ এবং জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহের বিগত ০৩ বছরের (২০১৯-২০২১) অঞ্চভিত্তিক অর্জনের সচিত্র প্রতিবেদন ও গ্রাফিক্যাল প্রেজেন্টেশন সংশ্লিষ্ট শাখা/অধিশাখাকে আগামী ২০/০২/২০২২ তারিখের মধ্যে তথ্য প্রেরণের জন্য পত্র দিতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।

১৩/২/2022

(ড. মলয় চৌধুরী)
অতিরিক্ত সচিব
স্থানীয় সরকার বিভাগ

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০২. ২০১৯-১৭৫ তারিখঃ ৩০ মাঘ ১৪২৮ / ১৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

১। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

২। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

৩। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

৫। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্রগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

অনুলিপিঃ

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

২। অতিরিক্ত সচিব (ইউনিয়ন পরিষদ অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।


এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৪৬৬৭৭
E-mail: lgadmin1@lgd.gov.bd